

তাহজিব ইনসিটিউট

বিশ্বব দীনি জ্ঞানার্জনের উন্নত প্লাটফর্ম

www.tahzibinstitute.com

দারস ১১

বিষয়: চার আলিফ মাদ

আলহামদুল্লাহ, আমরা এক আলিফ মাদ ও তিন আলিফ মাদ পড়েছি। চারটি স্থানে এক আলিফ মাদ হবে ও মাত্র দুটি স্থানে তিন আলিফ মাদ হবে। আজকের দারসে আমরা চার আলিফ মাদ পড়ব। এটি পড়ার মাধ্যমে মাদের অধ্যায় শেষ হয়ে যাবে। চার আলিফ মাদ তিন প্রকার-

১. মাদে মুত্তাসিল
২. মাদে লাযিম কালমি
৩. মাদে লাযিম হরফি

চার আলিফ মাদ চেনার সহজ উপায়: হরফের উপর বাঁকা ও মোটা ছিঁ^র থাকলে সেটি চার আলিফ টেনে পড়তে হবে।

পাঠ ১: মাদে মুত্তাসিল (مَدُّ الْمُتَّصِلِ)

মুখ্য করুন: একই শব্দে মাদের হরফ বা মাদের হরকতের পরে গোল হামযাহ আসলে মাদে মুত্তাসিল চার আলিফ টেনে পড়তে হয়।

অনুশীলনী ১

جَاءَ - وَجِيءَ - حَنَفَاءَ - سَوَاءَ - أُولَئِكَ -

অনুশীলনী ২

মাদে মুত্তাসিল বা চার আলিফ মাদ দিয়ে এবার কুরআন মাজিদের কিছু উদাহরণ দেখুন। ইতোপূর্বে যেসব নিয়ম পড়া হয়েছে সেগুলোর আলোকেই বাছাইকৃত আয়াত বা আয়াতের অংশ এবার চেষ্টা করুন। কোনো নিয়ম পড়তে সমস্যা হলে পেছনের দারসে গিয়ে বিষয়টি অনুশীলন করে আবার চেষ্টা করুন, নিজে নিজেই পারবেন ইন শা আল্লাহ।

وَالسَّيَاءُ ذَاتُ الْبُرْوَجِ ○ عَمَّ يَتَسَاءَلُونَ ○
 فَأُولَئِكَ هُمُ الْفَاجِرُونَ ○ قَدْ جَاءَنَا نَذِيرٌ ○

পাঠ : মাদে লাযিম কালমি (مَدُ اللَّازِمُ الْكَلِمِيُّ)

মুখ্য করন: একই শব্দে মাদের হরফ বা মাদের হরকতের পরে ‘তাশদিদ’ বা ‘জয়ম’ আসে এটাকে মাদে লাযিম কালমি বলা হয়। মাদে লাযিম কালমি চার আলিফ টেনে পড়তে হয়।

অনুশীলনী

- ضَالَّا - دَآبَةٌ - الْحَقَّةُ - حَاجُوكَ - أَمِينَ -

الْعَنَ

পাঠ ৩: মাদে লাযিম হরফি (مَدُ اللَّازِمُ الْحَرْفِيُّ)

মুখ্য করন: কুরআন মাজিদে সুরাসমূহের শুরুতে হরফের উপর বাঁকা ও মোটা ছিল  থাকলে চার আলিফ টেনে পড়তে হয়। এটাকে মাদে লাযিম হারফি বলা হয়।
 এই মাদটি হরফে হবে বিধায় এটির নাম মাদে লাযিম হরফি। অর্থাৎ হরফ থেকে হরফি।

○ قَ ○ حَمْ ○ الرَّ ○ الْمِ

তাহিয়িব ইনসিটিউট

দ্বীনি জ্ঞানার্জনের উন্নুক্ত প্লাটফর্ম

www.tahzibinstitute.com

01730986832 (Call/WhatsApp)